

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 12 June, 2025

লন্ডনের বাকিংহাম প্যালেসে ব্রিটেনের রাজা তৃতীয় চার্লসের সঙ্গে সাক্ষাৎ করেছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস।

বৃহস্পতিবার (১২ জুন) ব্রিটেনের রাজার সঙ্গে একান্ত সাক্ষাতের জন্য পৌঁছালে তিনি প্রধান উপদেষ্টাকে স্বাগত জানান। প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার এ তথ্য জানান।

চারদিনের সরকারি সফরে বর্তমানে যুক্তরাজ্যে রয়েছেন প্রধান উপদেষ্টা। গত মঙ্গলবার (১০ জুন) স্থানীয় সময় সকাল ৭টা ৫ মিনিটের দিকে এমিরেটসের একটি ফ্লাইটে লন্ডনের হিথ্রো বিমানবন্দরে অবতরণ করেন তিনি। আজ বৃহস্পতিবার (১২ জুন) লন্ডনে সফরের তৃতীয় দিনে একাধিক কর্মসূচিতে অংশ নিচ্ছেন প্রধান উপদেষ্টা।

প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব মোহাম্মদ আবুল কালাম আজাদ মজুমদার বলেন, দিনের শুরুতে বেলা ১১টা ২০ মিনিট থেকে ১১টা ৫০ মিনিট পর্যন্ত রাজা তৃতীয় চার্লসের সঙ্গে বৈঠক করবেন অধ্যাপক ইউনুস।

এরপর দুপুর দেড়টা থেকে ৩টা পর্যন্ত তিনি রাজা তৃতীয় চার্লসের দেওয়া পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অংশ নেবেন। বিকেল সাড়ে ৩টায় হাউজ অব কমন্সের স্যার লিভসে হোয়েলের সঙ্গে একান্ত বৈঠকে মিলিত হবেন। বৈঠকে দ্বিপাক্ষিক সহযোগিতা, সামাজিক ব্যবসা এবং জলবায়ু পরিবর্তনসহ সমসাময়িক বিষয় নিয়ে আলোচনা হবে।

বিকেল সাড়ে ৪টা থেকে সাড়ে ৫টা পর্যন্ত তিনি একটি 'মিট অ্যান্ড গ্রিট' অনুষ্ঠানে কমিউনিটি নেতাদের সঙ্গে মতবিনিময় করবেন।

দিনের শেষ কর্মসূচিতে সন্ধ্যা ৬টা ২৫ মিনিট থেকে ৬টা ৪৫ মিনিট পর্যন্ত উপিএল লিমিটেডের চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জয় শ্রফ অধ্যাপক ইউনুসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন।

এ সফরের মাধ্যমে অধ্যাপক ইউনুস তার আন্তর্জাতিক সম্পর্ক আরও জোরদার করার পাশাপাশি সামাজিক ব্যবসার অগ্রগতিতে নতুন দিগন্ত উন্মোচনের সুযোগ সৃষ্টি করছেন বলে মনে করা হচ্ছে।

URL: <https://timestodaybd.com/national/338769185>